

শেখ হাসিনার মমতায়  
ভাতার অর্থ দোরগোড়ায়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।  
dss.sadar.lakshmipur.gov.bd



স্মারক নম্বর - ৪১.০১.৫১৪৩.০০০.১৮.০১৫.২১.২২৭

তারিখ: ২১ আষাঢ় ১৪৩০  
০৫ জুলাই ২০২৩

### কারণ দর্শানোর নোটিশ


যেহেতু আপনি জনাব মোঃ সোলায়মান, অফিস সহায়ক, উপজেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর গত ২৫ জুন ২০২৩ খ্রি. তারিখে উক্ত কার্যালয়ে যোগদান করেই ০৪ জুলাই ২০২৩ খ্রি. তারিখ অপরাহ্নে নিম্ন স্বাক্ষরকারীকে না জানিয়ে কর্মস্থল ত্যাগ করেছেন।

যেহেতু আপনি অদ্য ০৫ জুলাই ২০২৩ খ্রি. তারিখে কর্মকর্তার বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের কারন জিজ্ঞাসা করলে যত কাজই থাকুক, কোনক্রমেই বিকাল ০৪:০০ ঘটিকার পরে আপনি কর্মস্থলে উপস্থিত থাকতে পারবেন না মর্মে জানান এবং নিম্নস্বাক্ষরকারীর সাথে ঔদ্ধতপূর্ণ ও অসৌজন্যমূলক আচরণ করেন।

যেহেতু আপনার উপরিউক্ত কার্যকলাপ একজন সরকারি কর্মচারী হিসেবে অনুচিত ও অনভিপ্রেত।

যেহেতু আপনার আচরণ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) অনুযায়ী 'অসদাচরণ' হিসেবে গণ্য।

এক্ষণে, সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে অভিযুক্ত করে উক্ত বিধিমালার অধীনে কেন যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না, তা এই নোটিশ প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ করা হলো।

  
(মোঃ শরীফ হোসেন)  
উপজেলা সমাজসেবা অফিসার  
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।  
ফোন: ০২৩৩৪৪৪১৬১২  
ই-মেইল: ussosadar.1996@gmail.com

প্রাপকঃ

জনাব মোঃ সোলায়মান

অফিস সহায়ক

উপজেলা সমাজসেবা কার্যালয়

লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।


সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

০২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।

০৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লক্ষ্মীপুর।

০৪। অফিস কপি।

  
০৫/৭/২৩